



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।



বিজ্ঞপ্তি নং-৬৪/নসক/২০২৪

তারিখ : ০৭/০৫/২০২৪ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তিচ্ছুদের (যারা কোটা মেধা তালিকায় স্থান পেয়েছে এবং বিষয় মনোনয়ন পেয়েছে) জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনুষ্ঠিত হবে। নির্ধারিত সময়সূচি অনুযায়ী ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হলো। উল্লেখ্য যে, গত ১৮/০৩/২০২৪ ইং তারিখের অত্র কলেজের বিজ্ঞপ্তি নং ৩৮/নসক/২৪ মোতাবেক ভর্তি সংক্রান্ত অন্যান্য শর্তাবলি ও ফিসমূহ বহাল থাকবে।

অনলাইন হতে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলন ও ভর্তির তারিখ :

- ১। কোটার মূল কাগজপত্র সহ আগামি ০৯/০৫/২০২৪ খ্রি. হতে ১৩/০৫/২০২৪ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সকাল ১০ টা হতে বেলা ১টা পর্যন্ত শিক্ষক মিলনায়তনে (প্রশাসনিক ভবনের ২য় তলায়) উপস্থিত হয়ে ভর্তির পরবর্তী কার্যক্রম সম্পন্ন করার জন্য বলা যাচ্ছে।
- ২। অনলাইন হতে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলনের শেষ তারিখ : ১৩/০৫/২০২৪ খ্রি.,
- ৩। ভর্তি প্রয়োজনীয় ফি জমাদান পূর্বক চূড়ান্ত ভর্তি ফরম বিভাগে জমাদানের শেষ তারিখ: ১৩/০৫/২০২৪ খ্রি.

অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।

প্রফেসর মোঃ নাজমুল হাসান  
আইডি নং-৪৭১৩  
অধ্যক্ষ  
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।